# CLASS – XII (2026 – 2027)
# SUBJECT- BENGALI (105)

**সময়- ৩ঘণ্টা** **সর্বমোট অঙ্ক : ৮০**

**Time : 3 Hours.** **Maximum Marks: 80**

## PART A: Objective Type Questions (MCQ)
## Section – A (Reading: Unseen Comprehension)

1. নিচের অনুচ্ছেদ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো: 2x[5X1]=10

A. প্রবন্ধ আর ব্যক্তিগত প্রবন্ধ, সাহিত্যের বিস্তৃত ক্ষেত্রে দুই ভিন্ন জাতের রচনা। প্রবন্ধে যে আলোচনা একান্তভাবে বিষয়বস্তুতেই নিবদ্ধ, রসরচনায় তা লেখকের আমেজি মনের জারক রসে জারিত হয়ে স্বকীয় স্বাতন্ত্র্য লাভ করে। পাঠকের সামনে তিনি তার বক্তব্যকে এমনভাবে তুলে ধরেন যাতে থাকে বুদ্ধিদীপ্ত মনের কলা-কৌশল - সজীব হৃদয়ের স্পর্শে যা অনুপ্রাণিত। 'ব্যক্তিগত' প্রবন্ধ লেখকের ব্যক্তিত্বের বিভায় উজ্জ্বল। যার পিছনে উদ্দেশ্যের তাগিদ তেমন থাকে না, থাকে সৃষ্টির আনন্দ। এ যেন ভেসে-চলা মেঘ, ক্ষণে-ক্ষণে রূপ বদলায়, রঙ ধরে। ক্ষণিকের জন্য হলেও এই রূপ ও রঙের খেলায় প্রতিমুহূর্তেই জেগে উঠছে চিরন্তনের মাধুরী।
……রচয়িতা যে-কোনও বিষয়কে পাঠকের সামনে তুলে ধরেন; এজন্যে পাঠকের কাছে তাঁর কোনও জবাবদিহির দরকার হয় না। বক্তব্যের সত্যতাকে প্রমাণ করার অঙ্গীকারও তাঁর নেই। লেখক শুধু সত্যনিষ্ঠ থাকতে চান তাঁর আনন্দ আর সৃষ্টি-বাসনার কাছে। অন্যদিকে পাঠকও চান, লেখকের ভাবনার সঙ্গী হয়ে নিঃসীম শূন্যে উদ্দেশ্যহীন ভেসে চলতে, যেখানে প্রয়োজনের তাগিদ তাঁকে তাড়না করবে না। যদি কোনও উদ্দেশ্য এই রচনার পিছনে থাকেও, তবে তা লেখার বিষয়কে প্রকাশ করা নয়, বরং শিল্পীর নিজেকে প্রকাশ করার বাসনা। বিষয়টা শিল্পী বা লেখকের একটা অবলম্বন মাত্র। রসসাহিত্যিকের কাজই হচ্ছে চিরপরিচিত জগতের মধ্যে এমন সম্ভার আবিষ্কার করা যা দেখেও আমরা দেখি না, জেনেও জানি না। লেখক চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেন, তুচ্ছের মধ্যেও কী বিরাটের মহিমা অঙ্কুরিত হয়ে আছে।

I. কোন্ বিষয়টিকে 'শিল্পী বা লেখকের একটা অবলম্বন মাত্র' বলে অভিহিত করা হয়েছে?

A. লেখকের ব্যক্তিগত ইচ্ছা-অনিচ্ছা

B. সৃষ্টি-বাসনাকে চরিতার্থ করার তাগিদ

C. লেখার বিষয় নয় বরং শিল্পীর নিজেকে ব্যক্ত করার বাসনা

D. লঘু বিষয়কে সহজ ভাবে পাঠকের সামনে তুলে ধরা

II. ব্যক্তিগত প্রবন্ধের রচয়িতার কাছে কাম্য কোন্‌টি?

A. পরিচিত জগৎ থেকে দূরে থাকা

B. সারস্বত সমাজে প্রতিষ্ঠা লাভ ও অর্থোপার্জন

C. আনন্দ ও সৃষ্টিশীলতার কাছে সত্যনিষ্ঠ থাকা

D. আপন ব্যক্তিত্বের আলোয় চারিপাশকে উজ্জ্বল করা

III. মন্তব্য : পাঠকের কাছে ব্যক্তিগত প্রবন্ধের রচয়িতার কোনও জবাবদিহির দরকার হয় না।

কারণ (ক) : ক্ষণিকের জন্য হলেও তাঁর লেখায় জেগে ওঠে চিরন্তনের মাধুরী।

কারণ (খ) : যে-কোনও বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখার স্বাধীনতা তাঁর আছে ।

মন্তব্যের প্রেক্ষিতে কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি সঠিক ?

A. কারণ (ক) সঠিক, কারণ (খ) ভুল

B. দুটি কারণই সঠিক

C. দুটি কারণই ভুল

D. কারণ (খ) সঠিক, কারণ (ক) ভুল

IV. রসসাহিত্যিকের কাজ হল ------

A. রূপের মধ্যে অরূপের সন্ধান করা

B. পরিচিত জগতের তুচ্ছাতিতুচ্ছ বস্তুর মধ্যেও বিরাটের মহিমা আবিষ্কার

C. সাধারণ জগতের বাইরে অসাধারণ জগৎকে আবিষ্কার

D. পাঠকের কাছে বক্তব্যের সত্যতাকে প্রমাণ করার অঙ্গীকার পালন

V. 'বিস্‌তৃত' শব্দটির সমার্থক শব্দ হল

A. প্রসারিত B. সম্পৃক্ত

C. বিস্তার D. সম্প্রসার

B. ১৯৮২ সালে বইমেলায় কিনেছিলাম একটি গদ্য গ্রন্থ। নাম: 'শব্দ আর সত্য'। লেখক শঙ্খ ঘোষ। এই বইয়ের মধ্যে একটি প্রবন্ধের কয়েকটা লাইনই আমার কাছে হয়ে উঠলো পথপ্রদর্শক এক দিকচিহ্ন। শঙ্খ ঘোষ ভারতে জন্ম নেওয়া পৃথিবীর শ্রেষ্ঠ কবিদের একজন। যথার্থ অনুবাদের অভাবে তাঁর কবিতার শ্রেষ্ঠত্ব সমগ্র বিশ্বে প্রচারিত হয় নি। আজ অন্য একটি দিকে পাঠকের দৃষ্টি আকর্ষণ করবো। সম্প্রতি 'কবি সম্মেলন' পত্রিকায় তাঁর একটি গদ্য ছাপা হয়েছে, যার তলায় মুদ্রিত- শ্রুতি লিখন: কৃতজ্ঞতা: স্নেহাশীষ পাত্র। শ্রুতিলিখন? কেন? কিছুদিন আগে

তরুণ এক কবি  ফেসবুকে  নিজের ওয়ালে পোস্ট করেছিলেন এই সংবাদ যে, শঙ্খ ঘোষের একটি কবিতা সেই তরুণ ডিক্টেশন নিয়ে কপি করে দিয়েছেন| মনে পড়ল আমার, শঙ্খ ঘোষ তাঁর গদ্য গ্রন্থের একাদশ খণ্ড একজনকে উপহার দিয়েছেন,  যেখানে উপহার প্রাপ্ত ব্যক্তির নামের আদ্যক্ষরটি শুধু লেখা কাঁপা হাতের লেখায়, তার ঠিক নিচেই কাঁপা হাতেই লেখা তালব্য-শ বর্ণটি| অর্থাৎ নিজের নামটিও আর শঙ্খ ঘোষ পুরোটা স্বাক্ষর করে উঠতে পারছেন না| এর মধ্যে আমরা খবর পাচ্ছি একাধিকবার হাসপাতালে যেতে হয়েছে এই কবিকে |

তাহলে কি দাঁড়ালো?  মুখে মুখে বলে লেখানো, কলম ধরতে হাত কাঁপা,  প্রায়ই হাসপাতাল যাত্রা-  অর্থাৎ বয়সোচিত  বার্ধক্য তাঁর জীবনকে জড়িয়ে ধরেছে;  এই তো?   কিন্তু  এক বিস্ময়কর ক্ষমতার অধিকারী এই কবি| শেষ কয়েক বছরে বেরোনো চার-পাঁচটি কবিতার বই আমার হাতে এখন| কোথাও বার্ধক্য বা অসুস্থতার চিহ্নমাত্র নেই তাঁর কবিতায়| তাঁর কবিতা চলেছে দু'টি পথে | এক,  সমাজের যাবতীয় অসাম্য ও অত্যাচারের বিরোধিতা করছে সেই কবিতা;  অন্যদিকে,  মনের অবচেতনের  অতলে নেমে তুলে আনছে লেখনস্রোত| এমনকি, প্রেমের কবিতাও দেখা দিচ্ছে স্নিগ্ধ মধুরতা নিয়ে| সমস্ত জীবন যাঁর সৃষ্টিকর্মের উপর কাজ করেছেন শঙ্খ ঘোষ,  সেই রবীন্দ্রনাথও তাঁর বইয়ের নাম দিতে বাধ্য হয়েছিলেন 'আরোগ্য' বা 'রোগশয্যায়'|  শঙ্খ ঘোষকে এইখানে আমাদের প্রণাম জানাতেই হয়, যখন দেখি বার্ধক্য বা জরা তাঁর দেহকে আক্রমণ করতে চাইলেও তাঁর কবিত্বের কাছে এসে পিছু হটতে বাধ্য হয়| সারা জীবন রাষ্ট্রীয় ক্ষমতার অন্যায় প্রয়োগের বিভীষিকাকে প্রকাশ্যে এনেছে তাঁর লেখা| তিনি কাউকে ভয় পাননি,  আজ জরাকেই বা ভয় পাবেন কেন!!

I. 'শব্দ আর সত্য' হল –

A. একটি কবিতার বই

B. একটি উপন্যাস

C. একটি গদ্য গ্রন্থ

D. একটি নাটক

II. শঙ্খ ঘোষের কবিতার শ্রেষ্ঠত্ব  সমগ্র বিশ্বে প্রচারিত না হওয়ার কারণ –

A. তাঁর লেখার স্টাইল

B. যথার্থ অনুবাদের অভাব

C.  কঠিন বিষয় ভাবনা

D. সমকালকে অস্বীকার

III. শুধুমাত্র 'তালব্য-শ' বর্ণটি লেখার মাধ্যমে বোঝা যায়-

A. কবি  নিজের নামটিও  আর পুরোটা সই করে উঠতে পারছেন না

B. কবি সংক্ষেপে লেখা পছন্দ করেন

C. স্বাক্ষরের ক্ষেত্রে নতুন স্টাইল অভ্যাস করছেন কবি

D. কবি মানুষকে কৌতূহলী করতে চাইছেন

IV. তাঁর কবিতার দু'টি পথ হল –

A. কবির ব্যক্তিসত্তা ও কবিসত্তা

B. কবির একক ভাবনা ও তার আবর্তন

C. অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ ও মনের সাবলীলতা

D. ক্ষুদ্র গণ্ডিবদ্ধ বিষয়ভাবনা ও বাইরের বৃহৎ বিশ্ব

V. 'সৃষ্টি' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হয় -

A. সৃশ্ + টি

B. সৃশ্ + তি

C. সৃস্ + টি

D. সৃষ্ + তি

## SECTION- C

## (Main Course Book & Supplementary Reader ): MCQ

**2. পাঠ্য নাটক** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো: [5X1=5]

I. "সব ভূতুড়ে বাড়ির মতো খাঁ খাঁ করছে"- বক্তার কাকে ভূতুড়ে বাড়ি বলে মনে হয়েছে?

A. রজনীকান্তের নিজের জনহীন বাড়িকে

B. দর্শকশূন্য অডিটোরিয়ামকে

C. জনমানবহীন গ্রিনরুমকে

D. লোকালয় বর্জিত স্থানে প্রেমিকার বাড়িকে

II."মরা হাতি সোয়া লাখ"- কথাটি এখানে কোন্ অর্থে ব্যবহৃত হয়েছে?

A. অল্পবয়সী রজনীকান্ত যেমন দুর্দান্ত অভিনয় করতেন বার্ধক্যে পৌঁছেও তিনি সেই একইরকম অভিনয় করেন

B. অল্পবয়সী রজনীকান্তের অভিনয়ের তুলনায় বৃদ্ধ রজনীকান্তের অভিনয় অনেক ভালো

C. বৃদ্ধ রজনীকান্তের অভিনয়ের তুলনায় অল্পবয়সী রজনীকান্তের অভিনয় অনেক ভালো

D. রজনীকান্ত অল্পবয়স বা বার্ধক্য কখনোই ভালো অভিনয় করতেন না

III. "…. প্রাক্তন অভিনেতা রজনী চাটুজ্জের প্রতিভার অপমৃত্যুর করুণ সংবাদ!"- এই 'অপমৃত্যুর ' কারণ (ক) – বয়সের স্বাভাবিক বৃদ্ধি

কারণ (খ) – নাটকীয় প্রতিভা হ্রাসপ্রাপ্ত হওয়া

কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি গ্রহণযোগ্য ?

A. কারণ (ক) ও কারণ( খ) দুটিই যথাযথ

B. কারণ (ক) যথাযথ হলেও কারণ (খ) যথাযথ নয়

C. কারণ (ক) যথাযথ না হলেও কারণ (খ) যথাযথ।

D. কারণ (ক) ও কারণ (খ) কোনোটিই যথাযথ নয়।

IV. নীচের কোন্ চরিত্রটির ভূমিকায় রজনীকান্ত অভিনয় করেননি ?

A ) দিলদার B) বক্তিয়ার C) মহম্মদ D) ঔরঙ্গজেব

V. 'যাবার আগে মজলিশি গল্পের আস্তাকুঁড়ে নির্বাসন দিয়ে গেল আমাকে' — 'যাবার আগে' বলতে বক্তা বুঝিয়েছেন –

A. মৃত্যুর কথা

B. যৌবন অপসৃত হওয়ার কথা

-

C. সেই রাতে নাটকের মঞ্চ থেকে বিদায় নেওয়ার কথা

D. শিল্পী হিসেবে দক্ষতার অসহায় পরিসমাপ্তির কথা

**3**. পাঠ্য **সহায়ক গ্রন্থ** থেকে প্রদত্ত প্রশ্নের সঠিক বিকল্পটি বেছে লেখো - [5X1]=5

I. 'ডাকঘর' নাটকে পাহাড় যেন মস্ত বেড়ার মতো দাঁড়িয়ে আছে – অমলের মতে তার কারণ—

(ক) পাহাড় যেন বেড়া টপকে ওপারে যেতে বারণ করছে

(খ) নির্বাক পৃথিবী যেন তার মধ্য দিয়ে নীল আকাশে হাত তুলে ডাকছে।

বিবৃতি অনুযায়ী কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি গ্রহণযোগ্য ?

A.কারণ (ক) ও কারণ( খ) দুটিই যথাযথ

B.কারণ (ক) যথাযথ হলেও কারণ (খ) যথাযথ নয়

C.কারণ (ক) যথাযথ না হলেও কারণ (খ) যথাযথ।

D.কারণ (ক) ও কারণ (খ) কোনোটিই যথাযথ নয়।

II.'ছেলেটি কোথায় পেলে বলো দেখি' ?--- ছেলেটির পরিচয় —

A. ঠাকুরদার বিশেষ পরিচিত একজন

B. মাধব দত্তের স্ত্রীর গ্রাম সম্পর্কের অনাথ ভাইপো

C. মাধব দত্তের স্ত্রী গ্রাম সম্পর্কে মা হারা বাবা পরিত্যক্ত ভাইপো

D. মাধব দত্তের পিসির ছেলে যে ছোটবেলা থেকেই অনাথ

III. 'ডাকঘর 'নাটকে দইওয়ালার গ্রাম কোথায় ছিল?

A. পাঁচমুড়া পাহাড়ের তলায় শামলা নদীর ধারে

B. বাড়ির সামনে অবস্থিত ডাকঘরের ঠিক পাশেই

C. ক্রৌঞ্চদ্বীপের কলমী পাড়ার এক গ্রামে

D. ক্রৌঞ্চদ্বীপের আঁখের ক্ষেতের পাশে

IV. দইওয়ালার সুরের উদাস করা ভাবকে অমল তুলনা করেছে —

A. নদীর জলোচ্ছ্বাসের সঙ্গে

B. আকাশের প্রান্ত থেকে আসা পাখির ডাকের সঙ্গে

C. পাতার মর্মরধ্বনির সঙ্গে

D. প্রবহমান বাতাসের শন্‌শন্‌ ধ্বনির সঙ্গে

V. 'সে ভারি আশ্চর্য জায়গা' — জায়গাটির বিশেষত্ব কী ?

A. সমুদ্র সেখানে আকাশের উদার নীলিমায় মিশেছে

B. পাহাড়ের ঝর্ণার ওপারে সেই জায়গা রূপকথা দিয়ে ঘেরা

C. যা সর্বক্ষণ কবিরাজের কড়া নজরদারিতে রয়েছে

D. মানববর্জিত পাখিদের দেশ যেখানে আছে সুর আর ডানা মেলার স্বাধীনতা

## PART B: (Descriptive type questions)

## SECTION – B [GRAMMAR]

**4**. ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যে কোনো **একটির** সংজ্ঞা লেখো এবং বিশ্লেষণসহ সেটির **দুটি** উদাহরণ দাও : 1x [2+3]=5

স্বরভক্তি **অথবা** অভিশ্রুতি

**5**. 'শব্দার্থের অপকর্ষ' **অথবা** 'শব্দের প্রসারণের' সংজ্ঞা লেখো এবং বিশ্লেষণসহ **দুটি** উদাহরণ দাও : [2+3]=5

**6**. নিম্নলিখিত বাগধারা/প্রবাদগুলি দিয়ে বাক্য রচনা করো (যে কোনও **পাঁচটি)** [5X1]=5

a. ছাই ফেলতে ভাঙা কুলো

b. ধর্মের কল বাতাসে নড়ে

c. নুন আনতে পান্তা ফুরায়

d. যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ

e. ঠোঁট কাটা

f. বজ্র আঁটুনি ফস্কা গেরো

## SECTION- C

## (Main Course Book & Supplementary Reader)

**7.** 'তার স্বর্গ আর হারার মার স্বর্গ কী এক হতে পারে?' [2+3=5]

a. কোন্ প্রসঙ্গে কার মনে এই ভাবনার উদয় হয়েছিল ?

b. স্বর্গ কল্পনায় এই ভিন্নতা সমাজের কোন্ দিককে স্পষ্ট করে তোলে তা আলোচনা করো।

**OR**

"অভিমান করে চলে গেলি, মা?" —

a. বক্তা কে এবং গল্পে কখন তিনি এই উক্তিটি করেছেন?

b. বক্তার এই উক্তি এবং ব্যাকুলতার কারণ গল্প অনুসরণে বিশ্লেষণ করো।

**8.** শ্রীযুক্ত জয়রাম মুখোপাধ্যায়ের সমাজে যে বিশেষ পরিচিতি ছিল তার সংক্ষিপ্ত পরিচয় দাও। [ 2 ]

**OR**

"মনে করেছে কাঙালের আস্পর্ধা"- কার কোন কাজকে এখানে 'কাঙালের আস্পর্ধা' বলে মনে করা হয়েছে?

**9.** " 'হলুদ পোড়া' গল্পটিতে সংস্কারের আবর্তে মনস্তত্ত্বের নিখুঁত বহি:প্রকাশ ঘটেছে|"- মন্তব্যটি কতটা যথার্থ তা বিশ্লেষণ করে বুঝিয়ে লেখো | [3]

**10.** সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো [1x5 =5]

"যেথা তুচ্ছ আচারের মরুবালুরাশি

বিচারের স্রোত:পথ ফেলে নাই গ্রাসি,"

**OR**

"বাবা এল |

ছেলে এল না||"

**11**. "তোমার ধর্মের পথে কেন অপব্যয়?"- 'অপব্যয়' শব্দটি কোন অর্থে প্রযুক্ত হয়েছে তা বিশ্লেষণ করো | [3]

**12.** পাথরে-ফাটলেও যাদের বাসা বানাতে আটকায় নি|"- [ 1+3=4 ]

**a.** কোন্ প্রসঙ্গে এই উক্তি?

**b**. উক্তিটির তাৎপর্য বুঝিয়ে লেখো|

**OR**

"তুমি তোমার ঐ ছোট্ট দুটি হাত আমার হাতে রাখো / কষ্টেসৃষ্টেও উঠে দাঁড়াবো" — কাকে উদ্দেশ্য করে এ কথা বলা হয়েছে? এ কথার তাৎপর্য কী?

**13.** "বা: বা: বুঢঢা| আচ্ছাহি কিয়া!"-- [ 2+3=5]

**a.** কে, কখন এই মন্তব্য করেন?

**b.** নাটকে নাট্যকার এই ধরনের হিন্দি সংলাপ কেন প্রয়োগ করেছেন বলে তুমি মনে করো?

**OR**

"...শরীরে যদি রক্ত থাকে, তাহলে সে রক্তে মিশে আছে প্রতিভা!"-

a কোন্ প্রসঙ্গে বক্তার এই উক্তি?
b. তাঁর এই উক্তির কারণ কী?

**14**. "প্রদীপের আলো নিবিয়ে দাও- এখন আকাশের তারাটি থেকে আলো আসুক...|" [ 1+3=4]

**a.** বক্তা কখন এ'কথা বলেন?

**b**. 'প্রদীপের আলো নিবিয়ে দেওয়া' কোন্ বিশেষ তাৎপর্য বহন করে বলে তুমি মনে করো?

**OR**

"তোমাকে সঙ্গে করে নিয়ে গেলে আমারও পেট ভরে ভিক্ষা মিলবে |"-

**a**. বক্তা কে ?

**b**. তাঁর এই মন্তব্যের কারণ কী বলে তুমি মনে করো ?

**15**. "বড়ো হলে আমি রাজার ডাক হরকরা হব|"- [2]

বক্তা কখন এই ইচ্ছে প্রকাশ করেছিল?

**OR**

"আমার কী দাঁড়াবার জো আছে! বেলা বয়ে যায় যে।"-বক্তার দাঁড়াবার জো নেই কেন?

## Section-D

### (Creative Writing)

**16.** নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো : [1+2+3=6]

নিজস্ব সংবাদদাতা,মায়ানমার : ইয়াঙ্গন ও ব্যাংককে চারদিকে শুধু বাড়ির ধ্বংসস্তূপ। আর প্রিয়জনকে হারানোর ডুকরে ওঠা কান্না। মায়ানমারের মান্দালয়ে ভূমিকম্পের জেরে মৃতের সংখ্যা ষোলশো ছাড়াল। আহতের সংখ্যা প্রায় আড়াই হাজার। আশঙ্কা, ধ্বংসস্তূপের নিচে চাপা পড়ে রয়েছে আরও কয়েক হাজার মানুষের নিথর দেহ। মায়ামনারে বিপর্যয়ের চেহারা দেখে আমেরিকার একটি জিওলজিক্যাল সার্ভে দাবি করেছে, সে দেশে মৃতের সংখ্যা দশ হাজার ছাড়াতে পারে। শনিবারও মায়ানমারে ভূমিকম্প হয়। রিখটার স্কেলে ভূমিকম্পের মাত্রা ছিল ৫.১।গত শুক্রবার দুপুরে মায়ানমারের ৭.৭মাত্রায় পরপর ভূমিকম্পের রেশ পৌঁছে যায় পড়শি দেশ থাইল্যান্ডের ব্যাংকক, ভারতের মেঘালয়, মণিপুর, বাংলাদেশের ঢাকা, চট্টগ্রাম ও চিনেও। ইতিমধ্যেই প্রতিবেশী রাষ্ট্রের জুন্টা সরকারের প্রধান সিনিয়র জেনারেল

এইচ ই মিন অং লাইংয়ের সঙ্গে ফোনে কথা হয়েছে ভারতের প্রধানমন্ত্রীর। তাঁর প্রতিশ্রুতি মতো ১৫ টন ত্রাণ পাঠিয়েছে বিদেশমন্ত্রক। শনিবারই কম্বল, স্লিপিং ব্যাগ, খাবারের প্যাকেট, হাইজিন কিউ, জেনারেটর ও প্রয়োজনীয় ওষুধ নিয়ে রেঙ্গুনে পৌঁছয় বিশেষ বিমান। ব্রহ্মদেশ অর্থাৎ মায়ানমারের পাশে দাঁড়ানোর এই অভিযানের নাম 'অপারেশন ব্রহ্ম' দিয়েছে ভারত| মায়ানমারে ভূমিকম্পের উৎসস্থল থেকে ১০০ কিলোমিটার দূরে কম্পনের প্রভাব এতটাই তীব্র ছিল যে ব্যাংককে নিমেষের মধ্যে ভেঙে পড়ে নির্মীয়মাণ বহুতল। সোশাল মিডিয়ায় সেই বাড়ি ভাঙার ভিডিয়ো দেখে শিউরে ওঠে সারা বিশ্বের মানুষ। সেই বহুতল তৈরির সঙ্গে যুক্ত শতাধিক কর্মীর খোঁজ মেলেনি শনিবারও। এই ভয়াবহ পরিস্থিতিতে ব্যাংককের পুলিশ হাসপাতালের সামনের রাস্তায় স্ট্রেচারেই সন্তানের জন্ম দিলেন এক তরুণী। হাসপাতাল খালি করে সব রোগীদের বাইরে নিয়ে আসা হয়। সেই সময় রাস্তায় ডাক্তার-নার্সের সামনেই সন্তান প্রসব করেন ওই মহিলা। তবে মা ও সদ্যোজাত সুস্থ আছেন বলে জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। কয়েকজন রোগীকে স্ট্রেচারে শুইয়ে, কয়েকজনকে ওইদিন হাসপাতাল থেকে বার করে আনা হয়েছিল সামনের পার্কে। ব্যাংককের একাধিক বাড়ি, বহুতল, ব্রিজও ক্ষতিগ্রস্ত হয়েছে ভূমিকম্প পরবর্তী কম্পনের জেরে। প্রায় দু' হাজার বাড়িতে ফাটল দেখা দিয়েছে বলে ব্যাংকক প্রশাসন জানিয়েছে। তবে, শনিবার রাত পর্যন্ত অনেক জায়গায় ঠিকমতো উদ্ধারকাজ শুরু করা যায়নি বলেই প্রশাসন সূত্রে খবর। অনেক জায়গাই ধ্বংসস্তূপের তলায় রয়েছে। ফলে মৃত-আহতের সংখ্যার পাশাপাশি ক্ষয়ক্ষতি যে আরও বহু বাড়বে সে ব্যাপারে সন্দেহ নেই।

**a**. উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

**b**. 'অপারেশন ব্রহ্ম' কী ?

**c**. তিনটি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত করো|

**17.** কোনও একটি উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র -ছাত্রীদের পেশা নির্বাচনের দিগ্‌দর্শনে (Career Counselling) সহায়তা বিষয়ে একটি বিজ্ঞাপন রচনা করো । (৫০ টি শব্দের মধ্যে) [1x6=6]

**OR**

আধুনিক জীবনে কৃত্রিম বুদ্ধিমত্তার [AI] প্রয়োগ বিষয়ে তোমার এলাকায় কোনও এক প্রতিষ্ঠানের উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হবে– এই বিষয় অবলম্বনে একটি বিজ্ঞাপন রচনা করো ।(৫০ টি শব্দের মধ্যে)|

## LIST OF COMPETANCY BASED QUESTIONS (CBQ) – CLASS XII ( 105)

## PART – A / OBJECTIVE TYPE QUESTIONS ( MCQ)

**Q.NO. 1 A. III**

**Q.NO 2. II, III**

**Q.NO.3. I**

**-----------------------------**

**TOTAL - 4 MARKS**

## PART - B / SUBJECTIVE QUESTIONS

**Q.NO. 7 b - 3 MARKS**

**Q.NO. 9 - 3 MARKS**

**Q.NO. 10 – 5 MARKS**

**Q.NO.11 – 3 MARKS**

**Q.NO.12 - 4 MARKS**

**Q. NO.13 b - 3 MARKS**

**Q.NO.14 b - 3 MARKS**

**Q.NO.16 - 6 MARKS**

**Q.NO.17 - 6 MARKS**

**--------------------------------------------**

**TOTAL - 40 / 80 ( 50%)**